গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৯ উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি: মোছা: সুলতানা পারভীন
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।

সভার তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি.।

সভার সময়: দুপুর ১২.৪৫ ঘটিকা।

সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন, ঢাকা'র ১৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/ ০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ১৫.৫১.০০০০.৫০২.০২.০২২.১৯-১০৪৩ নং স্মারক পত্রখানা সভায় পাঠ করে শুনানো হয় এবং ২৯ সেপ্টেম্বর "আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৯" উদ্‌যাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে ২৯ সেপ্টেম্বর "আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৯" উদ্‌যাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়।

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনা |
|---|---|---|---|---|
| ২৯-০৯-২০১৯ | সকাল ১০.০০ | র‍্যালি | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম চত্বর থেকে শুরু হয়ে শহর প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম চত্বরে শেষ হবে। | জেলা প্রশাসন, কুড়িগ্রাম |
| ২৯-০৯-২০১৯ | বেলা ১১.০০ | আলোচনা সভা | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ | জেলা প্রশাসন, কুড়িগ্রাম |

অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৯ উদ্‌যাপন কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন।

**উপর্যুক্ত অনুষ্ঠান বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো:**

০১. গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রামকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

০২. ২৯ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

চলমান- ২

০৩. গৃহীত কর্মসূচি ব্যাপক প্রচারসহ সকল কর্মসূচিতে জেলা তথ্য অফিস, কুড়িগ্রামকে মাইক সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়।

০৪. উক্ত কর্মসূচিতে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

০৫. নির্বাহী প্রকৌশলী, নেসকো লি:, কুড়িগ্রামকে আগামী ২৯-০৯-২০১৯ তারিখ অনুষ্ঠান চলাকালে সার্বক্ষণিকভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

০৬. কুড়িগ্রাম জেলার সকল এনজিওদেরকে র‌্যালিতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

সভাপতি আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৯/১৯

(মোছা: সুলতানা পারভীন)
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম
ও
সভাপতি
আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৯ উদ্‌যাপন কমিটি

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০৩৫.১৯- ৭২৪ (২০০)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন, (তৃতীয় তলা) এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। ..................................................
..................................................
.....................................কুড়িগ্রাম।

১৫/০৯/১৯

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।